

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২৩.৩৬৪

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩০
২২ নভেম্বর ২০২৩

বিষয়: জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণ।

সূত্র: বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৯.২৩-৭৩৪ তারিখ: ১৯.১১.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা ও সম্পাদনের দায়িত্বে নিয়োজিত সকল কর্মকর্তা, কর্মচারীকে সততা, নিষ্ঠা ও নিরপেক্ষতার সাথে নির্বাচনি দায়িত্ব পালন করতে এবং উক্ত দায়িত্ব পালনে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করার বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছে।

২। উক্ত নির্বাচন পরিচালনার জন্য ইতোমধ্যে ৬৬ জন রিটার্নিং অফিসার এবং ৫৯২ জন সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ তথা সরকারি, আধা-সরকারি, স্বায়ত্ত্বশাসিত, আধাস্বায়ত্ত্বশাসিত অফিস/প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হতে এবং কোন কোন ক্ষেত্রে বেসরকারি অফিস/প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্য হতে উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষককে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ ছাড়াও নির্বাচনে বিভিন্ন দায়িত্ব প্রদান করা হবে। নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক ম্যাজিস্ট্রেট ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য মোতায়েন করা হবে। এ প্রসঙ্গে নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের জন্য নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধানাবলির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকুরী এবং ৫ ধারায় শৃঙ্খলামূলক বিধানাবলি বিধৃত রয়েছে।

৩। নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক বা যে কোন ব্যক্তি নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ২(ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী নির্বাচন কর্মকর্তা হিসেবে গণ্য হবেন এবং তিনি উক্ত দায়িত্ব পালনের জন্য নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকবেন। এরূপ দায়িত্ব ও কর্তব্যে নিযুক্তির জন্য নির্বাচন কর্মকর্তা হিসেবে কোন আনুষ্ঠানিক নিয়োগপত্র নাও থাকতে পারে। নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য, ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য অসদাচরণের অভিযোগে সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তাকে অভিযুক্ত করা যাবে এবং শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বর্ণিত অবস্থার আলোকে সকল মন্ত্রণালয়/বিভাগ তথা সরকারি, আধাসরকারি, স্বায়ত্ত্বশাসিত, আধাস্বায়ত্ত্বশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থার কর্মকর্তা/কর্মচারী/শিক্ষকগণকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সজাগ থেকে অর্পিত নির্বাচনি দায়িত্ব সততা, নিষ্ঠা ও নিরপেক্ষতার সাথে যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত

২২.১১.২০২৩

(মোঃ মাহবুব হোসেন)

মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব/সচিব..... মন্ত্রণালয়/ বিভাগ
০২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
০৩। মহাপরিচালক, বিজিবি/কোস্ট গার্ড/আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা


- ০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
 ০৫। বিভাগীয় কমিশনার, খুলনা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/সিলেট
 ০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
 ০৭। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
 ০৮। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
 ০৯। পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ..... (সকল)
 ১০। উপমহাপুলিশ পরিদর্শক..... (সকল)
 ১১। জেলা প্রশাসক..... (সকল) ও রিটার্নিং অফিসার
 ১২। পুলিশ সুপার,(সকল)
 ১৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সকল)
 ১৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার..... (সকল)
 ১৫। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,(সকল)
 ১৬। উপজেলা নির্বাহী অফিসার,..... (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
 ১৭। উপজেলা/থানা নির্বাচন অফিসার(সকল)
 ১৮। সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২৩.৩৬৪

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩০
 ২২ নভেম্বর ২০২৩

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
 ০৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
 ০৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।


 (মোঃ জিয়াউল হক)
 যুগ্মসচিব
 ফোন: ০২৫৫১০০৮৯৬

email: gfa_branch@cabinet.gov.bd